চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৪ এপ্রিল ২০১৮ খ্রি.

আইনজীবী সংবর্ধনা অনুষ্ঠানে- মেয়র আ জ ম নাছির উদ্দীন
কোর্ট বিল্ডিংকে ঘিরে সৌন্দর্যবর্ধন কার্যক্রম চালু র্কছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, প্রাচীন ও আধুনিক স্থাপত্যের নিদর্শন কোর্টবিল্ডিংকে ঘিরে সৌন্দর্যবর্ধন কার্যক্রম চালু করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। কোর্টবিল্ডিং এর গুরুত্বকে আমলে নিয়ে পর্যটকদের দৃষ্টি আকর্ষন করাই এর লক্ষে। মেয়র বলেন, আইনজীবীদের নতুন ভবনে ৩টি আধুনিক লিফট স্থাপন কাজ শীঘ্রই শুরু হবে। জায়গা পেলে আধুনিক গণশৌচাগার গড়ে দেবে চসিক। জনাব আ জ ম নাছির উদ্দীন নগরীর সার্বিক সেবাধর্মী কার্যক্রমে আইনজীবীদের সহযোগিতা কামনা করেন। ২৩ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার, রাতে নগরীর আসকারদিঘী পাড়স্থ রীমা কনভেনশন সেন্টারে চট্টগাম সিটি কর্পোরেশনের উদ্যোগে চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির নবনির্বাচিত কমিটির নেতৃবৃন্দের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহার সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে আইনজীবী সমিতির সভাপতি এডভোকেট শেখ ইফতেখার সাইমুল চৌধুরী, সাধারণ সম্পাদক এডভোকেট মো. নাজিম উদ্দিন চৌধুরী ও সহ সাধারণ সম্পাদক মোহাম্মদ ইয়াছিন খোকন বক্তব্য রাখেন। সভার শুরুতে মেয়র চট্টগ্রাম আইনজীবী সমিতির ১৯ জন কর্মকর্তা ও সদস্যকে ফুল ও ক্রেস্ট দিয়ে সংবর্ধিত করেন। পরে এক প্রীতিভোজে অংশ নেন আইনজীবীরা। প্রধান অতিথির ভাষনে মেয়র আরো বলেন, রাজনীতিতে বিভাজন থাকবে। মত ও পথের ভিন্নতা থাকলেও দেশ ও জাতির স্বার্থে দল-মত নির্বিশেষে সকলকে একজোট হয়ে কাজ করতে হবে। তিনি বলেন, দেশ স্বাধীন হয়েছিল বলেই আমরা এক একজন ভিন্ন ভিন্ন ক্ষেত্রে নেতৃত্বে ও কতৃত্বে নিয়োজিত আছি। এতৎ সত্তে¡ও আমাদের সকলকে দেশপ্রেম ধারণ করে জাতীয় স্বার্থে একজোট হয়ে কাজ করতে হবে।

চট্টগ্রাম- ২৪ এপ্রিল ২০১৮ খ্রি.

পাঁচলাইশ এলাকার আওয়ামীযুবলীগ নেতা মরহুম এস এম আবু তৈয়ব এর স্মরন সভায় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, নীতি ও আদর্শবান কর্মীদের মৃত্যু নেই। তারা সাধারন মানুষের মাঝে বেঁচে থাকেন আদর্শের নিদর্শন হিসেবে। মরহুম এস এম

আবু তৈয়ব আজীবন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ ধারন করে নিরলসভাবে দায়িত্ব পালন করে সমাজে মানুষের মন জয় করতে সক্ষম হন। তাঁর আদর্শ অনুসরনের জন্য অনুসারীদের আহবান জানান। ২৪ এপ্রিল ২০১৮ খ্রি. মঙ্গলবার, বিকেলে স্থানীয় আলপনা কমিউনিটি সেন্টারে পাঁচলাইশ ওয়ার্ড আওয়ামীযুবলীগ এর উদ্যোগে অনুষ্ঠিত স্মরন সভায় প্রধান অতিথির ভাষনে মেয়র এ আহবান জানান। পাঁচলাইশ ওয়ার্ড আওয়ামীযবলীগের সাবেক আহবায়ক এস এম আবু তৈয়ব এর স্মরন সভায় সভাপতিত্ব করেন সংগঠনের যুগ্ম আহবায়ক শাকিল আহমেদ। যুবলীগ নেতা আবু সাদাত মো. সায়েম ও আতিকুর রহমানের যৌথ উপস্থাপনায় অনুষ্ঠিত স্মরন সভায় বায়েজিদ থানা আওয়ামীলীগের সভাপতি খলিলুর রহমান, সহ সভাপতি আলহাজ্ব জাফর আহমদ, সহ সভাপতি আলহাজ্ব আবদুল নবী লেদু, সাধারন সম্পাদক সফিউল আলম সগির, ৪৩ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি দলিলুর রহমান, পাঁচলাইশ ওয়ার্ড আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আবদুর রহিম, সম্পাদক মন্ডলীর সদস্য সেলিম রনি, মহানগর আওয়ামীযুবলীগের আহবায়ক কমিটির সদস্য সাখাওয়াত হোসেন সাকু, নঈম উদ্দিন খান, হাজী মো. ইব্রাহিম, পাঁচলাইশ থানা আাওয়ামীযুবলীগের সাধারন সম্পাদক হুমায়ুন আলম মুন্না, সহ সভাপতি জাহাঙ্গীরুল ইসলাম সেন্টু, আবদুল্লাহ আল মামুন, মহানগর ছাত্রলীগের সাবেক সহ সম্পাদক সেলিম উদ্দিন জয়, আওয়ামীযুবলীগ নেতা কামাল উদ্দীন, সোলেমান খান, নয়ন, আমির হোসেন আমু, কামরুল উদ্দীন, ইলিয়াছ খান মিলন, জয়নাল আবদীন, মাহফুজুর রহমান, মো. শাহজাহান মিয়া, আক্কাস মিয়া, এমদাদুল হক টিপু, মাহবুব দূর্জয়, দিদারুল আলম, মামুনুর রশিদ মামুন সহ অন্যরা

চট্টগ্রাম- ২৪ এপ্রিল ২০১৮ খ্রি.

ডিজিটালাইজড হচ্ছে চসিকের রাজস্ব-হিসাব বিভাগের কার্যক্রম

দেশের অন্যান্য সিটি কর্পোরেশনের ন্যায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হিসাব ও রাজস্ব বিভাগের কার্যক্রম অটোমেশনের মাধ্যমে ডিজিটালাইজড করা হচ্ছে। স্থানীয় সরকার বিভাগের আওতাধীন আরবান পাবলিক এন্ড এনভায়রনমেন্টাল হেলথ সেক্টর ডেভেলপমেন্ট প্রকল্প (ইউপিএইচএসডিপি) এর আওতায় এই কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এটি বাস্তবায়নের লক্ষে ডেমোনেস্ট্রেশন অফ রেভিনু্য ম্যানেজমেন্ট সফটওয়ার এন্ড ডাবল এন্ট্রি একিউরাল একাউনটিং সিস্টেম এর উপর এক কর্মশালা ২৪ এপ্রিল ২০১৮ খ্রি. মঙ্গলবার, সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কর্মশালার উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা। এতে হিসাব বিভাগের ২০ ও রাজস্ব বিভাগের ৮০ জন সহ মোট ১০০জন কর্মকর্তা অংশগ্রহন করেন। একটি সফটওয়ার অপারেটিং এর মাধ্যমে চসিকের কর্মকর্তাগণ এই ডিজিটালাইজেশন কার্যক্রম পরিচালনা করবে। এর ফলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হিসাব ও রাজস্ব বিভাগের কর্মকাণ্ডে নগরবাসী অনলাইনে রাজস্ব প্রদান, দুর্নীতি রোধ ও দ্রুত সেবাপ্রাপ্তি নিশ্চিত করা যাবে।

প্রধান রাজস্ব কর্মকর্তা ও ভারপ্রাপ্ত সচিব ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমানের সঞ্চালনায় এই কার্যক্রম বাস্তবায়নের লক্ষে সফটওয়ার অপারেটিং সহ সার্বিক বিষয়ে হিসাব ও রাজস্ব বিভাগের কর্মকর্তাদের প্রশিক্ষন প্রদান করেন এটিএন এন্ড আরকে সফটওয়ার লি. এর নির্বাহী পরিচালক (অপারেশন) ড. সেলমিন জাহান, নির্বাহী পরিচালক (টেকনিকেল) রাজিব মারিক ও সফটওয়ার ডেভেলপার সুমিত দেবানন্দ।

চট্টগ্রাম- ২৪ এপ্রিল ২০১৮ খ্রি.

সিঙ্গাপুর ব্যাংকক মার্কেটে আইটি পার্ক গড়ে তুলছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত সিঙ্গাপুর ব্যাংকক মার্কেটের ৬ষ্ঠ তলায় আইটি পার্ক গড়ে তুলছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এ লক্ষে কার্যক্রম শুরু করা হয়েছে। ২৪ এপ্রিল ২০১৮ খ্রি. মঙ্গলবার, সকালে আইসিটি মন্ত্রণালয়ের আইটেক পার্ক অথোরটির প্রজেক্ট ডাইরেক্টর এ এম এন শফিকুল ইসলাম ও তথ্য প্রযুক্তিবিদ মুনির হাসানকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আইটি পার্ক এর বিস্তারিত তথ্য উপাত্ত অবহিত করা হয়। এ উপলক্ষে নগরভবনের সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগীয় প্রধানদের মতবিনিময় অনুষ্ঠিত হয়। এতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন , প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, ভারপ্রাপ্ত সচিব ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, নির্বাহী ম্যাজিস্ট্রেট মিসেস আফিয়া আখতার, স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) মিসেস জাহানারা ফেরদৌস, অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, প্রধান পরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিম, প্রধান হিসাবরক্ষন কর্মকর্তা মো. সাইফুদ্দিন, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শেখ শফিকুল মান্নান সিদ্দিকী, উপ সচিব আশেক রসুল চৌধুরী টিপু, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, নির্বাহী প্রকৌশলী আবু সাদাত মো. তৈয়ব, আইটি অফিসার ইকবাল হাসান, এস্টেট অফিসার এখলাছ উদ্দিন, স্থপতি আবদুল্লাহ ওমরসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২৪ এপ্রিল ২০১৮ খ্রি.

নেভাল এভিনিউ এলাকায় ত্রিভুজ চত্বরের সৌন্দর্যবর্ধন প্রকল্পের শুভ উদ্বোধন করলেন মেয়র

২৪ এপ্রিল ২০১৮ খ্রি. মঙ্গলবার, সকালে চট্টগ্রাম নগরীর এম এ আজিজ স্টেডিয়ামে পশ্চিম দক্ষিণ কর্নারে নেভাল এভিনিউ ত্রিভুজ চত্বরের সৌন্দর্যবর্ধন প্রকল্পের ফিতা কেটে শুভ উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২২নং ওয়ার্ড কাউন্সিলর মো. সলিম উল্লাহ বাচ্চু, দৈনিক আজাদী পত্রিকার পরিচালনা সম্পাদক ওয়াহিদ মালেক, দৈনিক প্রথম আলো পত্রিকার বিশ্বজিৎ চৌধুরী, দৈনিক পূর্বকোণের ডেজী মদুদ, চসিক প্রধান পরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিম, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, বার্জার পেয়েন্টস বাংলাদেশ লি: এর জেনারেল ম্যানেজার মার্কেটিং সাদেক নেওয়াজ, রিজিউনাল ম্যানেজার নজরুল ইসলাম, হেড ইন্ডাষ্ট্রিয়াল সৈয়দ মোহাম্মদ

নাসিমসহ চট্টগ্রামের গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সৌন্দর্যবর্ধন প্রকল্পটি ব্যবস্থাপনায় ছিলেন বার্জার পেয়েন্টস বাংলাদেশ লি: এবং সার্বিক তত্ত্বাবধানে পার্ল কমিউনিকেশনস প্রাইভেট লি:। প্রায় ১১ লক্ষ টাকা ব্যয়ে সৌন্দর্যবর্ধন প্রকল্পটি বার্জার পেয়েন্টস বাংলাদেশ লি: রক্ষনাবেক্ষনের দায়িত্ব পালন করবে। এ প্রকল্প উদ্বোধন উপলক্ষে মেয়র বলেন, নান্দনিক নগর গড়ে তোলার লক্ষে সৌন্দর্যবর্ধন কার্যক্রম করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। চট্টগ্রামের হারানো গৌরব ও ঐতিহ্য ফিরিয়ে আনতে চেষ্টা করছে চসিক। ছোট ছোট কাজের মাধ্যমে সৌন্দর্যবর্ধন করা হচ্ছে। তিনি এ সকল কার্যক্রমে কর্পোরেট হাউজগুলো সহযোগিতা করার আহ্বান জানান।

চট্টগ্রাম- ২৪ এপ্রিল ২০১৮ খ্রি.

মেয়রের সাথে প্রজেক্ট ডাইরেক্টর প্রকৌশলীদের বৈঠক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে উন্নয়ন কাজে সংশ্লিষ্ট প্রজেক্ট ডাইরেক্টরদের বৈঠক ২৪ এপ্রিল ২০১৮ খ্রি. মঙ্গলবার, বিকেলে চসিক সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। বৈঠকে জাইকা, বিএমডিএফ ও সরকারের উন্নয়ন প্রকল্প এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব খাতের প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করা হয়। মেয়র চলমান সকল প্রকল্প যথানিয়মে এবং সময়মত শেষ করার উপর গুরুত্বারোপ করেন। তিনি জলাবদ্ধতা নিরসনে সিমেন্ট ক্রসিং থেকে কর্ণফুলী পর্যন্ত ড্রেন নির্মাণ প্রকল্প বাস্তবায়নে সচেষ্ট হওয়ার নির্দেশনা দেন। বৈঠকে প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আনোয়ার হোছাইন, আবু সালেহ, নির্বাহী প্রকৌশলী অসীম বড়ুয়া ও সহকারী প্রকৌশলী মঞ্জুরুল হক তালুকদার সহ সংশ্লিস্টরা উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন